

ইনোভেশনের তথ্য প্রেরণের ছক
লক্ষ্মীপুর জেলা
রায়পুর উপজেলা

অফিসের নাম	ইনোভেশন নাম	ইনোভেশন বিবরণ*	ইনোভেশন কার্যক্রম শুরুর পূর্বের অবস্থা	ইনোভেশন কার্যক্রম শুরুর পর বর্তমান অবস্থা	মন্তব্য
সিনিয়র উপজেলা মৎস্য অফিস	৩৩টি ভাসমান জেলে পরিবারের ছেলে মেয়েদের শিক্ষা ব্যবস্থার পদক্ষেপ গ্রহণ	হাজিমা সুইচ গেইট সংলগ্ন ৩৩ টি ভাসমান জেলে পরিবারের ছেলে মেয়েদের শিক্ষার ব্যবস্থা কার্যক্রম চলমান আছে।	উক্ত উদ্যোগের পূর্বে তাদের বাচ্চাদের স্কুলে ভর্তি করিনি।	উক্ত উদ্যোগের ফলে উক্ত পরিবারের ২২জন বাচ্চাকে স্কুলে ভর্তি করার ব্যবস্থা করা হয়। ফলে তাদের শিক্ষা ব্যবস্থার সূচনা হয়েছে এবং তা চলমান আছে।	
সিনিয়র উপজেলা মৎস্য অফিস	২৫ জন আগ্রহী মৎস্যচাষীদের ভিত্তিক প্রশিক্ষণ চাহিদা	অত্র উপজেলার মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণের নিমিত্তে আগ্রহী মৎস্যচাষীদের মধ্য হতে যাচাই বাচাই করে ২৫ জন মৎস্যচাষীর প্রশিক্ষণের জন্য তালিকা নির্বাচন করা হয় এবং প্রশিক্ষণ শেষ করে একজন মৎস্য চাষীর (RD) ফলাফল প্রশিক্ষকের পুকুরে প্রদর্শনী খামার স্থাপন করা হয়, যার মাধ্যমে পরবর্তীতে সংযোগ চাষী (FF) তৈরি হবে ও সহজে মৎস্যচাষ প্রযুক্তি মৎস্য চাষীদের মাঝে সম্প্রসারণ হবে।	মৎস্য চাষের প্রশিক্ষণের পূর্বে তারা মাছ চাষ সম্পর্কে ভালো ধারণা ছিলোনা।	মৎস্য চাষের প্রশিক্ষণের ফলে তাদের মাছ চাষ সম্পর্কে ভালো ধারণা হয়েছে এবং চাষ পদ্ধতি সম্পর্কে অবগত হয়েছে।	তারা অর্থনৈতিকভাবে স্বচ্ছল হবে।
সিনিয়র উপজেলা মৎস্য অফিস	সোলার প্যানেল (সৌর বিদ্যুৎ) বিনা মূল্যে সরবরাহ	২১টি জেলে পরিবারের মাঝে ইকো ফিস্ প্রকল্পের হতে ২১টি সোলার প্যানেল (সৌর বিদ্যুৎ) বিনা মূল্যে সরবরাহ করা হয়।	সোলার না থাকার কারণে জেলেরা রাতে মাছ শিকার করতে পারতো না এবং ছেলে মেয়েদের লেখা পড়া করানোর ব্যবস্থা ছিলোনা।	মৎস্যজীবীদের মাঝে সোলার প্যানেল বিতরণের ফলে তাদের রাতে মাছ শিকার করা এবং জলদস্যুদের হাতে আক্রমণের ঝুঁকি কমছে এবং রাতে ছেলে মেয়েদের লেখাপড়ার ব্যবস্থা হয়েছে।	আর্থিক অবস্থার উন্নতি এবং শিক্ষার হার বৃদ্ধি পাচ্ছে।
উপজেলা পরিসংখ্যান অফিস	ভিক্ষুক জড়িপ কার্যক্রম	ভিক্ষুক জড়িপ কার্যক্রমের মাধ্যমে রায়পুর উপজেলার আওতায় যত ভিক্ষুক আছে তাদের গননা	উক্ত কার্যক্রমের পূর্বে ভিক্ষুকদের খোজখবর নেয়ার মত কেউ ছিলোনা।	ভিক্ষুক জড়িপ কার্যক্রমের মাধ্যমে রায়পুর উপজেলার আওতায় যত ভিক্ষুক আছে তাদের গননা	

		কাজ সম্পন্ন করা হয় এবং তাদের জন্য স্থায়ীভাবে কাজের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।		কাজ সম্পন্ন করা হয়েছে। পরবর্তীতে তাদেরকে একটা প্রকল্পের আওতায় এনে কর্মজীবী করার প্রক্রিয়া চলমান আছে।	
সিনিয়র উপজেলা মৎস্য অফিস	বাদপড়া জেলেদের জেলে তালিকায় নাম নিবন্ধনকরণ।	জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান প্রকল্পের মাধ্যমে বাদপড়া জেলেদের নাম তালিকায় নিবন্ধন করা হয়।	উক্ত কার্যক্রমের পূর্বে বাদপড়া জেলেরা সুবিধা থেকে বঞ্চিত ছিলো।	বর্তমানে জেলেদের নাম নিবন্ধন করার ফলে তারা সকল সরকারী সুবিধা পাচ্ছে।	হতদরিদ্রের সংখ্যা কমে আসছে।
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস	প্রতিটি ইউনিয়ন হতে কলেজে অধ্যয়নরত ২০ (বিশ) জন ছাত্রীকে রক্তচাপ পরিমাপকরণ এবং ডায়বেটিক চেকআপ বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম।	“অসংক্রামক রোগ” সহায়তা প্রকল্প (রায়পুর উপজেলা প্রতিটি ইউনিয়ন হতে কলেজ অধ্যয়নরত প্রাথমিক পর্যায়ে ০২ (দুই) জন করে মোট ২০ (বিশ) জন ছাত্রীকে রক্তচাপ পরিমাপকরণ এবং ডায়বেটিক চেকআপ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়।	পূর্বে এ কার্যক্রম না থাকাতে এলাকাবাসী উক্ত সেবা থেকে বঞ্চিত ছিলো।	উক্ত প্রশিক্ষণের ফলে এলাকাবাসী উক্ত সেবা পাচ্ছেন।	স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাচ্ছে।
উপজেলা নির্বাহী অফিস ও প্রকল্প বাস্তবায়ন অফিস	“বাতিঘর স্কুল” নামে শিক্ষা কার্যক্রম।	রায়পুর পৌরসভার সুইপার কলোনীর পরিচ্ছন্নতা কর্মী ও পথশিশুদের মাঝে শিক্ষা বিস্তারের লক্ষ্যে নতুন বাজারে বাতিঘর স্কুল নামে শিক্ষা প্রতিষ্ঠান চালু করা হয়েছে।	কার্যক্রম শুরুর পূর্বে উক্ত ব্যক্তিগণ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত ছিলো।	রায়পুর পৌরসভার সুইপার কলোনীর পরিচ্ছন্নতা কর্মী ও পথশিশুদের মাঝে শিক্ষা বিস্তারের লক্ষ্যে নতুন বাজারে বাতিঘর স্কুল নামে শিক্ষা প্রতিষ্ঠান চালু করা হয়েছে। এর ফলে শিক্ষার হার আরেক ধাপ এগিয়ে গেলো।	পথ শিশুরা শিক্ষার আলো পাবে।

স্বাক্ষরিত-
(শিল্পী রানী রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
নির্বাহী ম্যাজিস্ট্রেট
রায়পুর, লক্ষ্মীপুর।
ফোন : ০৩৮-২২৫৬০১১

ই-মেইল : unoraipur@gmail.com